# অর্ধ-বার্ষিকী পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : দশম**

**বিষয় : হিসাববিজ্ঞান (সৃজনশীল)**

সময় : ২.৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান -৭০

**['ক' বিভাগ থেকে ২টি ও 'খ' বিভাগ থেকে যে কোন ৫টি সহ মোট ৭টি প্রশ্নের উত্তর দাও।]**

**ক–বিভাগ**

১। জাহেদ এন্ড ব্রাদার্স-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

| ক্র: নং | হিসাবের নাম | খ.পৃ. | গ্রহীতা টাকা | দাতা টাকা |
|---|---|---|---|---|
| ১ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩০,০০০ | |
| ২ | ৬% গৃহীত ঋণ (১.৭.১৯) | | | ৫০,০০০ |
| ৩ | উত্তোলন ও মূলধন | | ৭,০০০ | ৮৮,০০০ |
| ৪ | কলকব্জা ও যন্ত্রপাতি | | ১,০০,০০০ | |
| ৫ | পণ্য ক্রয় ও বিক্রয় | | ১,১৯,০০০ | ১,৯০,০০০ |
| ৬ | ফেরত | | ১,৫০০ | ২,০০০ |
| ৭ | কমিশন | | ৫,০০০ | ৮,০০০ |
| ৮ | বিমা সেলামি (৩১.৩.২০) | | ৩,০০০ | |
| ৯ | মজুরি ও বেতন | | ২৬,০০০ | |
| ১০ | নগদ বাট্টা | | ২,০০০ | ২,৫০০ |
| ১১ | জ্বালানী খরচ ও সঞ্চয়ের পত্রের সুদ | | ৪,০০০ | ৭,০০০ |
| ১২ | হাতে নগদ | | ৬০,০০০ | |
| ১৩ | পুঞ্জীভূত অবচয়-কলকব্জা | | | ১০,০০০ |
| | | | ৩,৭৫,৫০০ | ৩,৭৫,৫০০ |

**সমন্বয়সমূহ ঃ** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫৫,০০০ টাকা এবং বাজার মূল্য ১০% বেশি। (২) ১.১০.১৯ তারিখে নতুন কলকব্জা ক্রয় ২০,০০০ টাকা। (৩) স্থায়ী সম্পদের ওপর ৫% হারে অবচয় ধরতে হবে। (৪) মজুরি ও বেতন প্রতি মাসে ২,০০০ টাকা করে। (৫) ক্যাশ বাক্সে একটি মূল্যহীন চেক রয়েছে ৫,০০০ টাকা। (৬) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(ক) জাহেদ এন্ড ব্রাদার্সের নিট কলকব্জা ও যন্ত্রপাতির মূল্য নির্ণয় কর। ২

(খ) জাহেদ এন্ড ব্রাদার্সের যথাযথ ছকে মুনাফা নির্ণয় কর। ৪

(গ) জাহেদ এন্ড ব্রাদার্সের ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

২। মি. লোকমান একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ে ৩১-১২-২০১৮ তারিখে প্রস্তুতকৃত খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিচে দেওয়া হলো ঃ

রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০১৮

| ক্র: নং | হিসাবের নাম | খ.পৃ. | গ্রহীতা টাকা | দাতা টাকা |
|---|---|---|---|---|
| ১ | ক্রয় ও বিক্রয় | | ২,১৭,০০০ | ২,৯২,০০০ |
| ২ | রপ্তানি শুল্ক ও ব্যাংকে জমা সুদ | | ৫,০০০ | ১,০০০ |
| ৩ | মনিহারী | | ৬,০০০ | |
| ৪ | পরিবহন | | ১২,০০০ | |
| ৫ | বিমা প্রিমিয়াম ও শিক্ষানবিশ সেলামি | | ১৬,০০০ | ১০,০০০ |
| ৬ | ইজারা সম্পত্তি (১০ বছর) | | ৫৪,০০০ | |
| ৭ | যন্ত্রপাতি | | ২০,০০০ | |
| ৮ | কু-ঋণ ও কু-ঋণ সঞ্চিতি | | ৪,০০০ | ১,০০০ |
| ৯ | হাতে নগদ ও ব্যাংকে জমা | | ২০,০০০ | |
| ১০ | দেনাদার ও পাওনাদার | | ৪৫,০০০ | ৩৬,০০০ |
| ১১ | ১২% ঋণ (২০২০ তে প্রদেয়) | | | ২০,০০০ |
| ১২ | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৩০,০০০ | ২৫,০০০ |
| ১৩ | উত্তোলন (১.৯.১৮) ও মূলধন (১.১.১৮) | | ২০,০০০ | ৬৪,০০০ |
| | | | ৪,৪৯,০০০ | ৪,৪৯,০০০ |

**সমন্বয়সমূহ ঃ** (১) অবিক্রীত মজুদপণ্য ৫,০০০ টাকায় মূল্য মূল্যায়িত হয়েছে। (২) অব্যবহৃত মনিহারী ১,২০০ টাকা। (৩) বিমা প্রিমিয়াম (৩০.৪.১৯) তারিখ পর্যন্ত এক বছরের জন্য দেওয়া হয়েছে। (৪) স্থায়ী সম্পত্তির ওপর ১৫% অবচয় ধার্য করতে হবে। (৫) মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে।

(ক) অন্যান্য আয় ও অন্যান্য ব্যয়ের পরিমাণ নিরূপণ করো। ২

(খ) মোট লাভ ৬৮,০০০ টাকা ধরে, বিশদ আয় বিবরণী প্রস্তুত করে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

(গ) বছর শেষে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী প্রস্তুত কর। ৪

## ‘খ’-বিভাগ

৩। জনাব হাসিব মানিক ট্রেডার্স-এর মালিক। ২০১৯ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে নিচে দেওয়া ঘটনাগুলো ঘটনাগুলো সংঘটিত হয়।

মার্চ- ১ মালিক নগদ ২,৫০,০০০ টাকা ও ৩০,০০০ টাকার যন্ত্রপাতি মূলধন স্বরূপ ব্যবসায়ে আনয়ন করলেন।

” ৫ তিনি ব্যবসায়ের জন্য ৬০,০০০ টাকা দিয়ে একটি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।

” ১৫ তিনি পণ্য বিক্রয় করেন ১,৫০,০০০ টাকা।

” ২০ মালিকের মেয়ের স্কুলের বেতন বাবদ ১,০০০ টাকা ব্যবসায় থেকে প্রদান করা হয়।

” ৩০ অফিসের ভাড়া বাবদ ৫,০০০ টাকা পরিশোধ করা হলো।

(ক) মাস শেষে জনাব হাসিবের মোট স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপযুক্ত ঘটনাগুলোর মধ্যে যেসব ঘটনা লেনদেন তার পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪। জনাব হাফেজ দুতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৬ তারিখে তার ব্যবসায়ে মোট সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৪,০০,০০০ টাকা ও ১,৬০,০০০ টাকা। উক্ত বছরে জনাব হাফেজ আরও ৩০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বছরে তিনি মোট ১৫,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল: নগদ ১,০০,০০০ টাকা; আসবাবপত্র ৫০,০০০ টাকা; দেনাদার ৪০,০০০ টাকা; মজুদ পণ্য ৮০,০০০ টাকা; ব্যাঙ্ক ঋণ ২০,০০০ টাকা এবং পাওনাদার ২৫,০০০ টাকা।

(ক) জনাব হাফেজ-এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জনাব হাফেজ-এর সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) ২০১৬ সালে জনাব হাফেজের ব্যবসায়ের লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

৫। জনাব সেতু ঢাকার গুলশানে ৩,০০,০০০ টাকা মূলধন নিয়ে ২০১৮ সালের ১ জুন তারিখে একটি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে সংগঠিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুন- ২ পণ্য ক্রয় ৬২,০০০ টাকা।

” ৫ ১,০০,০০০ টাকা দিয়ে একটি নতুন মেশিন ক্রয়।

” ৯ মেশিনের সংস্থাপন ব্যয় ৯,০০০ টাকা।

” ১৩ বিজ্ঞাপন প্রদান ৩,০০০ টাকা।

” ১৫ যথোপযুক্ত না হওয়ায় ক্রীত মেশিনটি ৯০,০০০ টাকায় বিক্রয়।

” ২০ ৭৫,০০০ টাকার পুরাতন আসবাবপত্র বিক্রয়; যার বহি:মূল্য ৬৭,০০০ টাকা।

” ২৪ আয়কর প্রদান ৯,২০০ টাকা।

” ২৭ জনাব সেতু ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন করেন ৪,০০০ টাকা।

(ক) মালিকের উত্তোলন বাবদ ডেবিট টাকার পরিমাণ কত? ২

(খ) উপরোক্ত তথ্য হতে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ক্ষতি নির্ণয় কর। ৪

(গ) মাস শেষে উক্ত ব্যবসায়ের মালিকানা স্বত্বের পরিমাণ কর। ৪

৬। ২০১৮ সালের ১ জানুয়ারী মি. সাইফুদ্দিন-এর নগদ ২০,০০০ টাকা; অফিস সরঞ্জাম ৬০,০০০ টাকা এবং ব্যাঙ্ক ঋণ ৫০,০০০ টাকার উদ্বৃত্ত ছিল। ঐ মাসে তার অন্যান্য লেনদেন নিচে দেওয়া হলো :

জানু- ২ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।

” ৫ পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

” ১০ প্রদেয় বিলের অর্থ পরিশোধ করা হলো ৫,০০০ টাকা।

” ১৫ আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা।

” ২০ কু-ঋণ হিসাবে লেখা হলো ১৫,০০০ টাকা।

” ২৫ ব্যাঙ্ক থেকে উঠানো হলো ১৫,০০০ টাকা।

(ক) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ১০, ১৫, ২০ ও ২৫ তারিখের লেনদেন সাধারণ জাবেদায় লেখ। ৪

(গ) চলমান জের ছকে নগদান হিসাব ও ব্যাংক হিসাবের উদ্বৃত্ত নির্ণয় কর। ৪

৭। ২০১৮ সালের নভেম্বর মাসে সাথী এন্ড কোং-এর ব্যবসায়িক লেনদেনগুলো ছিল নিম্নরূপ ঃ

নভেঃ ১ নগদ তহবিল ৫৮,৫০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ২১,১০০ টাকা।

" ৮ ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ২,০০০ টাকা এবং অফিসের প্রয়োজনে উত্তোলন ৩,০০০ টাকা।

" ১০ সাগরের নিকট হতে চেক প্রাপ্তি ২,৮০০ টাকা এবং বাট্টা প্রদান ২০০ টাকা।

" ১২ লিমার নিকট হতে ৪% বাট্টায় ৬,০০০ টাকার পণ্য নগদে ক্রয়।

" ১৫ ৫% বাট্টায় ৪,০০০ টাকা দেনা পূর্ণনিষ্পত্তি সাপেক্ষে চেক প্রদান।

" ২১ ৭,৫০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে মাহিনের নিকট থেকে প্রাপ্তি ৭,২০০ টাকা।

" ২৯ বেতন বাবদ নগদ ৪,০০০ টাকা এবং ভাড়া বাবদ চেক প্রদান করা হলো ৫,০০০ টাকা।

" ৩০ রাজের নিকট থেকে ৪,৮০০ টাকার চেক পেয়ে ৪,৯ টাকা দেনার বিপরীতে জাকিরকে প্রদান করা হলো।

(ক) ৮ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদা বইয়ে লিপিবদ্ধ কর। ২

(খ) উপযুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

(গ) লেনদেনগুলোর ভিত্তিতে উপযুক্ত ঘরবিশিষ্ট নগদান বই তৈরি কর। ৪

৮। সাহেদ এন্টারপ্রাইজ-এর ২০১৮ সালের ৩০ জুন তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিচে দেওয়া হলো :

মজুদ পণ্য (৩০.৬.১৮) ৩০,০০০ টাকা; প্রদেয় বিল ১৬,০০০ টাকা; মূলধন ১,০০,০০০ টাকা; উত্তোলন ২৫,০০০ টাকা; পাওনাদার ৫,০০০ টাকা; অগ্রিম বেতন ৪,০০০ টাকা; প্রাপ্য উপ ভাড়া ৭,৫০০ টাকা; ব্যাংক জমা (১.৭.১৭) ১৫,০০০ টাকা; সমন্বিত ক্রয় ৬০,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ৫,৫০০ টাকা; মজুদ পণ্য (১.৭.১৭) ১২,৫০০ টাকা; রপ্তানি শুল্ক ৮,০০০ টাকা; অগ্রিম বিনিয়োগের সুদ প্রাপ্তি ২,৫০০ টাকা; প্রদত্ত ঋণ ৩৫,০০০ টাকা; বিক্রয় ৮০,০০০ টাকা; বরাদ্দকৃত বাট্টা ১১,৫০০ টাকা; দেনাদার ২৮,০০০ টাকা।

(ক) সাহেদ এন্টারপ্রাইজ-এর রেওয়ামিলে কোন কোন দফা অন্তর্ভূক্ত হবে না তার মোট পরিমাণ কত? ২

(খ) উপযুক্ত উদ্বৃত্তগুলো দ্বারা সাহেদ এন্টারপ্রাইজ-এর রেওয়ামিল প্রস্তুত কর। ৪

(গ) সাহেদ এন্টারপ্রাইজ-এর চলতি সম্পদ এবং স্বল্পমেয়াদি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯। যশোরের তামান্না এন্টারপ্রাইজ-এর ২০১৮ সালের মে মাসের কয়েকটি লেনদেন নিচে দেওয়া হলো–

মেঃ ৫ প্রতি কেজি ১০০ টাকা দরে ২০০ কেজি ডাল হাজীগঞ্জের ইমন এন্টারপ্রাইজ-এর কাছ থেকে ক্রয়, পরিবহন খরচ ৫০০ টাকা।

" ১৫ বাকিউল্লাহ্ এন্টারপ্রাইজ-এর কাছ থেকে প্রতি কেজি ৩০ টাকা দরে ২০ কুইন্টাল চিনি ক্রয়। কুলি খরচ ২০০ টাকা। পরিবহন খরচ ৩০০ টাকা। চালান নং-৩৮, শর্ত ৩/১৫, নিট ২০।

" ২০ নষ্ট থাকার কারণে ইমন এন্টারপ্রাইজকে ৫০ কেজি ডাল ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং-১০।

(ক) ১০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ইমন এন্টারপ্রাইজ-এর কাছ থেকে কত টাকা ছাড় পাওয়া যাবে? ২

(খ) মে ২০ তারিখের লেনদেনের ভিত্তিতে একখানা ডেবিট নোট প্রস্তুত কর। ৪

(গ) উদ্দীপকের আলোকে একখানা ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

১০। সোনালী গার্মেন্টস্ ২০১৮ সালের ১ মে হতে ৩১ মে পর্যন্ত মোট ৩০,০০,০০০ টাকার শার্ট বিক্রয় করে। শার্ট তৈরি ও বিক্রয় সংক্রান্ত খরচসমূহ নিম্নরূপ :

কাপড় ক্রয় ৪,২০,০০০ টাকা; বোতাম ও অন্যান্য সামগ্রী ক্রয় ৪২,০০০ টাকা; অব্যবহৃত কাপড়ের মূল্য ৬৫,০০০ ট াকা; তৈরি শার্টের প্রারম্ভিক মজুদ ১,৪৫,০০০ টাকা; শ্রমিকের মোট মজুরি ১২,০০,০০০ টাকা; কারখানার আনুষঙ্গিক খরচ ৫২,০০০ টাকা; টেলিফোন ও বিদ্যুৎ বিল ৯,০০০ টাকা; পরিবহন খরচ ১১,৫০০ টাকা; প্রারম্ভিক চলতি কার্য ৭২,০০০ টাকা; তৈরি শার্টের সমাপনী মজুদ ১,০৫,০০০ টাকা; শোরুমের ভাড়া ২৯,৩০০ টাকা; অফিস ভাড়া ১৮,০০০ টাকা; বিক্রয়কর্মীর কমিশন ২৫,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য হতে ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

(খ) সোনালী গার্মেন্টসের বিক্রীত শার্টের ব্যয় নির্ণয় কর। ৪

(গ) বিক্রীত পণ্যের ব্যয় ১৮,৫০,০০০ টাকা ধরে মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

১১। জনাব এম রহমান একজন স্কুল শিক্ষক। ২০১৮ সালের ১ জানুয়ারি তার পারিবারিক আর্থিক অবস্থা ছিলো নিম্নরূপ :

আসবাবপত্র ৫০,০০০ টাকা; ৫% বিনিয়োগ ১,০০,০০০ টাকা; মোটর সাইকেল ৬০,০০০ টাকা; স্বর্ণালঙ্কার ৪০,০০০ টাকা; ৪% ব্যাংক ঋণ ৭৫,০০০ টাকা ও নগদ তহবিল ১৫,৮০০ টাকা।

প্রাপ্তি-প্রদান হিসাব

৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখের

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত (১.১.১৮) | ১৫,৮০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ১,০৫,০০০ |
| বেতন | ১,৫০,০০০ | মুদি ও মনিহারী | ৬৫,০০০ |
| প্রকাশনা থেকে আয় | ৫০,০০০ | বাড়ি ভাড়া | ১,২০,০০০ |
| উত্তরপত্র পরীক্ষা | ৩৫,০০০ | শিক্ষা ও চিকিৎসা খরচ | ৩৬,০০০ |
| ৪% ব্যাংক ঋণ গ্রহণ (৩১.১২.১৮) | ২,২৫,০০০ | কম্পিউটার ক্রয় | ৩৫,০০০ |
| | | সংবাদপত্র ও ম্যাগাজিন | ৩,৬০০ |
| | | ৫% সঞ্চয়পত্র ক্রয় (৩১.১২.১৮) | ৯০,০০০ |
| | | নগদ উদ্বৃত্ত (৩১.১২.১৮) | ২১,০০০ |
| | ৪,৭৫,৮০০ | | ৪,৭৫,৮০০ |

**সমন্বয়সমূহ ঃ** বছর শেষে ২,৫০০ টাকা মূল্যের মনিহারী দ্রব্য অব্যবহৃত রয়েছে এবং খাদ্য সামগ্রী ক্রয় বাবদ ১,২০০ টাকা বকেয়া রয়েছে।

(ক) জনাব এম. রহমান-এর প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় কর। ২

(খ) ৩১-১২-১৮ তারিখে তাঁর পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) বছরের শেষ দিনে জনাব এম. রহমান এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি: ১০ম**

**সময় : ৩০ মিনিট** **বিষয় ঃ হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি)** **পূর্ণমান : ৩০**

১. হিসাববিজ্ঞানের সর্বপ্রথম উদ্দেশ্য হচ্ছে-

ক. ফলাফল নির্ণয় খ. লেনদেনের সুষ্ঠু লিপিবদ্ধকরণ

গ. আর্থিক অবস্থা নিরূপণ ঘ. অর্থনৈতিক তথ্য পরিবেশন

২. নিচের কোনটি ঐতিহাসিক ঘটনা?

ক. অনাদায়ী পাওনা খ. অনাদায়ী পাওনা সঞ্চিতি

গ. আগুনে পণ্য বিনষ্ট ঘ. ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকের মৃত্যু

৩. জনাব মামুনের দায় ছিল ৭,০০০ টাকা, স্বত্বাধিকার ছিল ৮,০০০ টাকা, তার সম্পত্তি কত?

ক. ৭০০০ টাকা খ. ১৫০০০ টাকা গ. ১০০০ টাকা ঘ. ৮০০০ টাকা

৪. কারবারের লেনদেন পরিবর্তন আনে সর্বদা-

i. মোট সম্পত্তির ii. মোট মুনাফার iii. আর্থিক অবস্থার

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. iii ঘ. i ও ii

৫. ব্যবসায় প্রতিষ্ঠানের কাজ অনির্দিষ্টকাল চলবে-এটি কোন নীতির ওপর প্রতিষ্ঠিত?

ক. ব্যবসায়িক সত্তা নীতি খ. চলমান প্রতিষ্ঠান নীতি

গ. হিসাবকাল ধারণা ঘ. দ্বৈতসত্তার নীতি

৬. হিসাব সমীকরণ অনুযায়ী মালিকের মূলধন বৃদ্ধি পায় ব্যবসায়ের-

i. সম্পত্তি বাড়লে ii. দ্বায় কমলে iii. আয় বাড়লে

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. iii ঘ. ii ও iii

৭. ইজারা সম্পত্তির অবলোপন-

ক. মূলধন জাতীয় ব্যয় খ. মুনাফা জাতীয় আয়

গ. মুনাফা জাতীয় ব্যয় ঘ. কোনোটিই নয়

৮. মিস বন্যা আই.ডি.বি থেকে ৪০,০০০ টাকা দিয়ে একটি কম্পিউটার ক্রয় করেন এবং ২০,০০০ টাকা দিয়ে একটি প্রিন্টার ক্রয় করেন। তার পরিবহন বাবদ খরচ হয় ৫০০ টাকা। তার মূলধন জাতীয় ব্যয় কত?

ক. ৪০০০০ টাকা খ. ৪০৫০০ টাকা গ. ৬০০০০ টাকা ঘ. ৬০৫০০ টাকা

* নিচের অনুচ্ছেদটি পড়ে ৯ থেকে ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও :

জনাব সৈয়দ আলী আহসান ২০০৫ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। ৩০ জুন তারিখে তার অন্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ-

i) ব্যক্তিগত প্রয়োজনে ২০০০ টাকার পণ্য উত্তোলন, ii) মালিকের জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৩০০০ টাকা, iii) আয়কর প্রদান ২৫০০ টাকা, iv) অতিরিক্ত মূলধন প্রদান ৫০০০০ টাকা, v) ব্যবসায়ের জন্য ২০০০ টাকার ঋণ গ্রহণ।

৯. পাওনাদারকে পরিশোধের ফলে হিসাব সমীকরণে কোন ধরনের প্রভাব পড়ে?

ক. সম্পদ হ্রাস, স্বত্বাধিকার হ্রাস খ. সম্পদ হ্রাস, দায়-হ্রাস

গ. সম্পদ বৃদ্ধি, স্বত্বাধিকার বৃদ্ধি ঘ. সম্পদ বৃদ্ধি, দায় বৃদ্ধি

১০. ৩০ জুন তারিখে জনাব সৈয়দ আলী আহসানের স্বত্বাধিকারের পরিমাণ কত?

ক. ১,২২,৫০০ টাকা খ. ১৪২৫০০০ টাকা

গ. ১৫০৫০০ টাকা ঘ. ১৪২৫০০ টাকা

১১. সাধারণ জাবেদাকে কয় ভাগে ভাগ করা যায়?

ক. দুই ভাগে খ. তিন ভাগে গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে

১২. সুমনা লিমিটেডের নিকট ১০% কারবারি বাট্টায় ১,৮০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ২০,০০০ টাকার একটি চেক পাওয়া গেল। বিক্রয় জাবেদায় কত টাকা দেখাতে হবে?

ক. ১,৪০,০০০ টাকা খ. ১,৪২,০০০ টাকা

গ. ১,৬০,০০০ টাকা ঘ. ২,০০,০০০ টাকা

১২. নগদ ক্রয় ১,০০,০০০ টাকা, ধারে ক্রয় ২০,০০০ টাকায় কারবারি বাট্টা ৫%। ক্রয় জাবেদায় কত টাকা যাবে?

ক. ১,২০,০০০ টাকা খ. ২১,০০০ টাকা

গ. ১৯,০০০ টাকা ঘ. ১,২১,০০০ টাকা

১৩. লেনদেনগুলো শ্রেণিবিন্যাস করে পাকাপাকিভাবে লিপিবদ্ধ করা হয়-

ক. জাবেদায় খ. খতিয়ানে গ. নগদান বইতে ঘ. রেওয়ামিলে

১৪. কোনটি প্রাথমিক বই নয়?

ক. খতিয়ান খ. বিক্রয় বই গ. ক্রয় বই ঘ. প্রকৃত জাবেদা

১৫. পূর্ববর্তী হিসাবকাল থেকে বর্তমান হিসাবকালে আনীত বোঝাতে ব্যবহৃত হয়-

i. b/w ii. b/f iii. c/f

নিচের কোনটি সঠিক?

ক. i　খ. ii　গ. i ও ii　ঘ. iii

১৬. ব্যাংক কলামের ক্রেডিট জের কী নির্দেশ করে?

ক. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন　খ. ব্যাংক জমার উদ্বৃত্ত

গ. ব্যাংক জমা　ঘ. ব্যাংক কলামের ডেবিট উদ্বৃত্ত

১৭. কোনো দ্রব্যের তালিকা মূল্যের ওপর যে বাট্টা হিসাব করা হয় তাকে কী বলে?

i. নগদ বাট্টা　ii. পরিমাণ বাট্টা　iii. কারবারি বাট্টা

নিচের কোনটি সঠিক?

ক. i　খ. ii　গ. iii　ঘ. ii ও iii

১৮. কোনটি প্রস্তুত করা বাধ্যতামূলক নয়?

ক. খতিয়ান　খ. রেওয়ামিল

গ. বিশদ আয় বিবরণী　ঘ. আর্থিক অবস্থার বিবরণী

১৯. রেওয়ামিল একটি-

ক. হিসাব　খ. জমা-খরচ

গ. লেনদেনের তালিকা　ঘ. হিসাবের ব্যালেন্সগুলোর তালিকা

২০. প্রধানত কয়টি কারণে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়?

ক. পাঁচটি　খ. চারটি　গ. তিনটি　ঘ. দুটি

২১. (IAS-01) অনুযায়ী আর্থিক বিবরণীর ধাপ কয়টি?

ক. ৮টি　খ. ৭টি　গ. ৬টি　ঘ. ৫টি

২২. কোনো প্রতিষ্ঠানে প্রারম্ভিক মজুদ ৫০,০০০ টাকা, ক্রয় ২০,০০০ বিক্রিত পণ্যের ব্যয় ৪০,০০০ টাকা হলে সমাপনী মজুদ কত?

ক. ২০,০০০ টাকা　খ. ২৫,০০০ টাকা

গ. ৩০,০০০ টাকা　ঘ. ৪০,০০০ টাকা

২৩. বিক্রিত পণ্যের ব্যয় ১৬,৮০০ টাকা। বিক্রয় মূল্যের ওপর মুনাফার হার ১০% হলে বিক্রয় মূল্য কত হবে?

ক. ১৮,৪৮০ টাকা　খ. ১৬,৮০০ টাকা

গ. ১৪,০০০ টাকা　ঘ. ১৮,৬৬৭ টাকা

২৪. চলতি অনুপাত কত হওয়া ভাল?

ক. ৩ : ১　খ. ১ : ২　গ. ২ : ১　ঘ. ২ : ২

২৫. সামগ্রিকভাবে ব্যয়ের উপাদান কয়টি?

ক. ২টি　খ. ৩টি　গ. ৪টি　ঘ. ৫টি

২৬. একজন বৈদ্যুতিক পাখা প্রস্তুতকারীর ১,০০০ টি পাখা তৈরির মুখ্য ব্যয় ১০,০০০ টাকা ও উৎপাদন ব্যয় ১৭,০০০ টাকা। কারখানার উপরিব্যয় কত?

ক. ১,০০০ টাকা　খ. ৭,০০০ টাকা

গ. ১০,০০০ টাকা　ঘ. ১৭,০০০ টাকা

২৭. কোনটি পারিবারিক হিসাব ব্যবস্থার বৈশিষ্ট্য?

ক. পারিবারিক বাজেট　খ. পারিবারিক শৃঙ্খলা

গ. অমুনাফাভোগী প্রতিষ্ঠান　ঘ. পারিবারিক স্বচ্ছলতা

২৮. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?

ক. বাজেট　খ. হিসাব নিরীক্ষা　গ. পরিসংখ্যান　ঘ. অডিটিং

২৯. পারিবারিক বাজেট প্রস্তুতে পদক্ষেপ কয়টি?

ক. ৮টি　খ. ৭টি　গ. ৬টি　ঘ. ৫টি

৩০. আর্থিক বিবরণীতে দেখানো হয়-

ক. A.L.I　খ. A.L.E　গ. L.A.E　ঘ. L.C.I

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

**শ্রেণি : দশম**

**বিষয় : ব্যবসায় উদ্যোগ (ব্যবসায় শিক্ষা)**

**(সৃজনশীল)**

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

**[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]**

১।




ক) বিমা কী? ১

খ) পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ) বাণিজ্যের গুরুত্বপূর্ণ তিনটি কাজ সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ) ব্যবসায়ের সাথে শিল্প ও বাণিজ্যের সম্পর্কে নিরূপণ কর। ৪

২। শিক্ষিত ফরিদ মিয়া একটি নার্সারির মালিক। নার্সারি ব্যবসায়ের মাধ্যমে তিনি স্বাবলম্বী হয়ে ওঠেন। হঠাৎ করে গত আইলায় তার ব্যবসায়ে বেশ ক্ষতি সাধন হয়। এতে তার ব্যবসায় বন্ধ হওয়ার উপক্রম হয়। কিন্তু তিনি স্থানীয় জনতা ব্যাংক থেকে ঋণ নিয়ে পূর্ণোদ্যমে আবার ব্যবসায় শুরু করেন ও সফলতা অর্জন করেন।

ক) প্রকল্প কী? ১

খ) ম্যাক্রো পরিবেশের উল্লেখযোগ্য দু'টি উপাদান বর্ণনা কর। ২

গ) ফরিদ মিয়ার ব্যবসায়টি কোন পরিবেশের দ্বারা প্রভাবিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ফরিদ মিয়ার ব্যবসায়ে সফলতার পেছনে মূল কারণ বিশ্লেষণ কর। ৪

৩। সামাদ চানাচুর, জ্যাম, জেলি তৈরি করে স্থানীয় বাজারে বিক্রয় করে বেশ ভালই মুনাফা অর্জন করেছে। তার কাজটি দেখে প্রতিবেশী হাফিজ উদ্বুদ্ধ হয়ে তিনিও অনুরূপ আর একটি কারখানা স্থাপন করলেন।

ক) শ্রমঘন শিল্প কোনটি? ১

খ) খণ্ডকালীন উৎপাদন ইউনিট বলতে কী বোঝ? ২

গ) সামাদের কাজটি কোন শিল্পের অন্তগর্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ) বাংলাদেশের প্রেক্ষাপটে সামাদ ও হাফিজের গঠিত শিল্পের ভূমিকা অনস্বীকার্য– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪। বাংলাদেশ জনবহুল দেশ। এদেশের বিশাল জনগোষ্ঠীর অধিকাংশই বেকার। সরকারের পক্ষে সবার কর্মসংস্থান করা সম্ভব নয়। এজন্য বেসরকারী চাকুরির পাশাপাশি বেকারদের আত্মকর্মসংস্থান উদ্বৃদ্ধ করতে হবে।

ক) আত্মকর্মসংস্থান বলতে কী বোঝ? ১

খ) আত্মকর্মসংস্থানের প্রশিক্ষণের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ) আত্মকর্মসংস্থানে প্রশিক্ষণের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ) একটি দেশের বেকার সমস্যা সমাধান ও অর্থনৈতিক উন্নয়নে আত্মকর্ম সম্মানের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৫। একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য অনেকাংশে নির্ভর করে তার ব্যবস্থাপনার ওপর দক্ষ ব্যবস্থাপক তথা যোগ্য নেতা সহজেই প্রতিষ্ঠানকে অভিষ্ট লক্ষ্যে নিয়ে যেতে পারে। তবে যোগ্য নেতাকে হতে হবে বিশেষ কিছু গুণের অধিকারী।

ক) ব্যবস্থাপনার জনক কে? ১

খ) জেন্ডার সচেতনতা কী? ব্যাখ্যা কর। ২

গ) একজন আদর্শ নেতার গুণাবলি বর্ণনা কর। ৩

ঘ) ব্যবসায় প্রতিষ্ঠানে নেতৃত্বদানের ক্ষেত্রে কোন ধরনের নেতৃত্ব উৎকৃষ্ট যুক্তি সহকারে ব্যাখ্যা কর। ৪

৬। সবুজ একজন ব্যবসায়ী। তিনি স্বচ্ছতার সাথে ব্যবসায় করে সীমিত মুনাফা করেন। অপরদিকে তার বন্ধু চাকচিক্যেও আড়াল ভেজাল ও নিম্নমানের পণ্য বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করেন। পণ্যের বাহ্যিক চাকচিক্যে ও কারণে ক্রেতারা সবুজের দোকানে ভিড় করে। সবুজ তার বন্ধুর চেয়ে কম অর্থ উপার্জন করলেও মানসিকভাবে অনেক সুখী।

ক) মুনাফামুখী ব্যবসায় কী? ১

খ) ব্যবসায়ের সামাজিক দায়িত্ব কী কী? ২

গ) সবুজের মানসিক প্রশান্তির কারণটি ব্যাখ্যা কর। ৩

ঘ) সবুজের বন্ধু বর্তমানে প্রচুর মুনাফা করলেও ভবিষ্যতে ব্যবসায়ে টিকে থাককে কি? এ ব্যাপারে তোমার মতামত দাও। ৪

৭। দিনাজপুরের মোহিম ঢাকায় এসে অবাক। তার গ্রামে যে বেগুনের দাম ১০ টাকা কেজি সে বেগুনের দাম এখানে ৪০/৫০ টাকা কেজি। বিষয়টি সে গভীরভাবে ভাবতে থাকে। তার কয়েকজন বন্ধু মিলে কৃষকদের একত্রিত করে পরামর্শ দিল তাদের উৎপাদিত পণ্য সামগ্রী যদি ঢাকার মার্কেটগুলোতে নিজস্ব তত্ত্বাবধানে ভোক্তাদের কাছে পৌঁছাতে পারে তবে কৃষকের লাভ বহুগুণে বেড়ে যাবে।

ক) বিপণন কী? ১

খ) শিল্প পণ্যের জন্য মোড়কিকরণ অপরিহার্য কেন? ২

গ) মোহিম ভোক্তাদের নিকট পণ্য পৌঁছাতে কোন পদ্ধতি অবলম্বন করবেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ) মোহিমের নতুন ভাবনা কৃষকদের লাভ বহুগুণে বেড়ে যাবে কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮। সিলেটের আফজাল হোসেন অনেক চিন্তা-ভাবনা করে একটি সার কারখানা স্থাপন করলেন। উদ্দেশ্য হলো উন্নতমানের সার তৈরি করে দেশের উৎপাদন বৃদ্ধি করা। এজন্য তিনি প্রয়োজনীয় লোকবলও নিয়োগ করলেন।

ক) কোনটিকে উৎপাদনের বাহন বলা হয়? ১

খ) কুটির শিল্পের বাজারের নৈকট্য কেন প্রয়োজন? ২

গ) আফজাল হোসেনের সার কারখানাটি কোন ধরনের শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের শিল্পটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কিভাবে সাহায্য করতে পারে বলে তুমি মনে কর? ৪

৯। হাসান সাহেব একটি ক্ষুদ্র শিল্পের মালিক। তিনি তার প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার ভিত্তিতে পরিচালনা করে থাকেন। তার প্রতিষ্ঠানের কার্য পরিচালনায় সঠিক সমন্বয় অনুসরণ করা হয়। ফলে মালিক শ্রমিকের মধ্যে সুসম্পর্ক বজায় থাকে। তাই তিনি প্রতিষ্ঠান থেকে তার কাঙ্ক্ষিত-লক্ষ্য অর্জনে আশাবাদী।

ক) পরিকল্পনা কী? ১

খ) ব্যবসায় পরিকল্পনা করা হয় কেন? ২

গ) হাসান সাহেব প্রতিষ্ঠানের কার্যক্রম পরিকল্পনার ভিত্তিতে পরিচালনা করে কী ধরনের সুবিধা ভোগ করেন? বর্ণনা কর। ৩

ঘ) 'একটি আদর্শ পরিকল্পনার যথার্থতার ওপর প্রতিষ্ঠানের সাফল্য বহুলাংশে নির্ভরশীল'– বিশ্লেষণ কর। ৪

১০। জনাব ফাহিম বিসিকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ সমাপ্ত করে একটি ক্ষুদ্র শিল্প প্রকল্প বাস্তবায়নে বেসিক ব্যাংকের দ্বারস্থ হন। বিসিক ও বেসিক ব্যাংক উভয়ের যৌথ সহায়তায় তার পক্ষে প্রকল্প বাস্তবায়ন সম্ভব হয়।

ক) বেসিক ব্যাংক কত সালে নিবন্ধিত হয়? ১

খ) বেসিক ব্যাংক প্রতিষ্ঠিত হয় কেন? ২

গ) শিল্পক্ষেত্রে বেসিক ব্যাংকের অবদান উল্লেখ কর। ৩

ঘ) 'বিসিক ও বেসিক উভয়ই ক্ষুদ্র শিল্পের অত্যন্ত সহায়ক'–মূল্যায়ন কর। ৪

১১।




ক) নিষ্কাশন শিল্প কাকে বলে? ১

খ) নার্সারি, হ্যাচারি ও পশু পালনকে প্রজনন শিল্প কারণ কি? ২

গ) বাংলাদেশের প্রেক্ষিতে উৎপাদন শিল্প বিদ্যমান সমস্যাবলি চিহ্নিত কর। ৩

ঘ) আমাদের জাতীয় জীবনে সেবাশিল্পের অবদান কতটুকু? মূল্যায়ন কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি: ১০ম**

**সময় : ৩০ মিনিট** **বিষয় ঃ ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি)** **পূর্ণমান : ৩০**

১. Porto Piqueno এর অর্থ কী?
ক) মাঝারি বন্দর খ) বৃহৎ বন্দর
গ) স্থলবন্দর ঘ) ক্ষুদ্র বন্দর

২. ফোর্ড কোন দেশের কোম্পানী?
ক) জাপান খ) ইংল্যান্ড
গ) আমেরিকা ঘ) বাংলাদেশ

৩. কোনটি সেরিকালচার?
ক) মৌমাছি চাষ খ) রেশম চাষ
গ) মৎস্য চাষ ঘ) নার্সারি

৪. ট্রেডমার্কের রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?
ক) ৩ বছর খ) ৫বছর
গ) ৭বছর ঘ) ১০বছর

৫. ফ্রানসাইজিং ব্যবসায়ে জড়িত থাকে–
i. ফ্রানসাইজর
ii. ফ্রানসাইজি
iii. ফ্রানসাইজিং
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. স্যামসন এইচ চৌধুরী কোথা থেকে কেমব্রিজ ডিগ্রী অর্জন করেন?
ক) অস্ট্রেলিয়া খ) কলকাতা
গ) লন্ডন ঘ) সিংগাপুর

৭. ব্যবসায় পরিবেশ কয় প্রকার?
ক) তিন প্রকার খ) চার প্রকার
গ) পাঁচ প্রকার ঘ) ছয় প্রকার

৮. ২০০১ সমবায় আইনে কয় ধরনের সমবায় সমিতির উলে-খ আছে?
ক) তিন খ) চার গ) পাঁচ ঘ) ছয়

৯. নরসিংদী জেলার কতিপয় বেগন ব্যবসায়ী একটি সমবায় সমিতির গঠন করেন। একজন বেগন ব্যবসায়ী কতভাগ শেয়ার ক্রয় করতে পারবেন?
ক) $\frac{1}{2}$ ভাগ খ) $\frac{1}{3}$ ভাগ গ) $\frac{1}{4}$ ভাগ ঘ) $\frac{1}{5}$ ভাগ

১০. কোম্পানীর অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ড় বিষয় লিপিবদ্ধ থাকে কোন দলিলে?
ক) স্মারকলিপি খ) পরিমেল নিয়মাবলি
গ) নিবন্ধনপত্র ঘ) লাইসেন্স

১১. প্রইভেট লিঃ কোম্পানীর শেয়ার
i. আবাধে হস্তান্তরযোগ্য নয়
ii. আবাধে হস্তান্তরযোগ্য
iii. মূলধনের ক্ষুদ্র অংশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. 'ইথস' (Ethos) শব্দের অর্থ কী?
ক) মানব আচরণের মানদন্ড খ)অনুসরণীয় মূল্যবোধ
গ) অনুকরণীয় জ্ঞানবোধ ঘ) ভালো-মন্দ বুঝতে পারা

উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
মি. সাদ একজন শিল্পোদ্যোক্তা। তিনি নিজেই তার ব্যবসায় পরিকল্পনা প্রস্তুত করেন। পকিল্পনা যাতে সুষম হয় তার জন্য তিনি গাইড লাইন অনুসরণ করেন।

১৩. আলোচ্য বিষয়টির বিষয়বস্তু ভিন্ন হয় কোনটির ভেদে?
ক) নাম খ) আকার গ) উদ্যেক্তা ঘ) আয়

১৪. মি. সাদের অনুসরণকৃত গাইড লাইন অনুসারে পরিকল্পনা–
i. শব্দ বাহুল্য হওয়া বাঞ্ছনীয়
ii. স্পস্ট তথ্যের উপর ভিত্তি করে গ্রহণ করা উচিত
iii. যতটুকু সম্ভব সংক্ষিপ্ত হওয়া আবশ্যক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. নগদ সম্ভাব্য আগমন ও নির্গমন কোনটির মাধ্যমে জানা যায়?
ক) নগদাই বই খ) খতিয়ান
গ) নগদ প্রবাহ বিবরণী ঘ) রেওয়ামিল

১৬. নিবন্ধিত হলেও কোন ব্যবসায়ের কোন আইনগত সত্তার সৃষ্টি হয় না?
ক) অংশীদারি ব্যবসায় খ) প্রাইভেট লি. ব্যবসায়
গ) রাষ্ট্রীয় ব্যবসায় ঘ) পাবলিক লি. ব্যবসায়

উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:
বিএসটিআই পণ্যের মান নির্ধারণী সংস্থা। উৎপাদনী প্রতিষ্ঠানকে তার পণ্য বাজারজাত করার পূর্বে এই সংস্থা থেকে সনদপত্র সংগ্রহ করতে হয়।

১৭. বিএসটিআই কোন মন্ত্রণালয়ের অধীনে কার্যরত?
ক) মৎস্য খ) খাদ্য
গ) শিল্প ঘ) বস্ত্র

১৮. বিএসটিআই–
i. পণ্যের মান নিয়ন্ত্রণ করে
ii. ট্রেডমার্ক নিবন্ধন করে
iii. বিমা করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) র ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. বেসিক ব্যাংক কর্তৃক প্রদত্ত ২০১০ সালের শিল্প ঋণের পরিমাণ কত টাকা?
ক) ১৭২২.৬৪ কোটি খ) ১৭৮২.৫৪ কোটি
গ) ২৭৭৭.৭৯ কোটি ঘ) ২৮৮৮.৮৯ কোটি

২০. কোন অংশীদার ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করে না?
ক) সাধারণ অংশীদার খ) ঘুমন্ড় অংশীদার
গ) সীমিত অংমীদার ঘ) নামমাত্র অংশীদার

২১. কারা পাবলিক লিঃ কোম্পনীর মালিক?
ক) পরিচালকগণ খ) কর্মীগণ
গ) শেয়ারহোল্ডারগণ ঘ) জনসাধারণ

২২. কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন যে নেতৃত্বে?

ক) স্বৈরাতান্ত্রিক খ) গণতান্ত্রিক

গ) মুক্ত ঘ) আমলাতান্ত্রিক

২৩. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক ঋণ প্রদান করে–

i. স্বল্প মেয়াদে

ii. মধ্য মেয়াদে

iii. দীর্ঘ মেয়াদে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. বণ্টন প্রণালীর শেষে অবস্থান করে–

ক) উৎপাদক খ) বিক্রেতা

গ) ক্রেতা ঘ) ব্যাক্তি

২৫. ধৈর্যশীলতা বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলী?

ক) শারীরিক খ) মানসিক

গ) নৈতিক ঘ) ব্যাক্তিগত

২৬. বঙ্গবন্ধু কত সালে শ্রম, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?

ক) ১৯৪৭ সালে খ) ১৯৫৭ সালে

গ) ১৯৬৭ সালে ঘ) ১৯৭২ সালে

২৭. উদ্দেশ্য অর্জনকে সামনে রেখে কাজ সম্পাদনে কর্মীদের উৎসাহিত করার গুণকে কী বলে?

ক) নেতৃত্ব খ) প্রেষণা

গ) নির্দেশনা ঘ) সংঘটিতকরণ

২৮. কাকে Empoloyment Generating Machine হিসেবে বিবেচনা করা হয়?

ক) এস এমই কে খ) এস এসই কে

গ) বিসিক কে ঘ) ডিসিসি আই কে

২৯. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?

ক) হেনরি ফেওয়েল খ) স্যামুয়েল মোর্গ

গ) রবার্ট জন ঘ) আর এল কার্টার

৩০. নিয়ন্ত্রণের মাধ্যমে নিচের কোন কাজটি করা হয়?

ক) ত্রুটি বিচ্যুতি নির্ণয় করা খ) সমন্বয় সাধন করা

গ) ভবিষ্যত বাজেট প্রণয়ণ করা

ঘ) উৎসাহ প্রদান করা

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি: ১০ম**

**সময় : ২ ঘন্টা ৩০ মিনিট** **বিষয় ঃ ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল)** **পূর্ণমান : ৭০**

*[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও]*

**ক - বিভাগ: ফিন্যান্স**

১। ইরা ম্যানুফ্যাকচারিং কোম্পানির মূলধন কাঠামো নিম্নরূপ :

সাধারণ শেয়ার মূলধন: ৫০০ কোটি টাকা

১৮% অগ্রাধিকার শেয়ার : ৩০০ কোটি টাকা

১৭% ঋণকৃত মূলধন ৫০০ কোটি টাকা।

অন্যান্য তথ্যাবলি :

সাধারণ শেয়ারের বাজারমূল্য : ৩৭৫ টাকা

অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য: ২৫০ টাকা

চলতি বছর কোম্পানি সাধারণ শেয়ারমালিকদের প্রতি শেয়ারের উদ্দেশ্যে ২০ টাকা লভ্যাংশ প্রদান করেছে। অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৭% হারে বৃদ্ধি পেয়েছে। করের হার ৫০%

ক. প্রকল্পের সংজ্ঞা দাও। ১

খ. সংরক্ষিত আয়ের ব্যয় নির্ণয় করা প্রয়োজন– ব্যাখ্যা কর। ২

গ. মডার্ন ম্যানুফ্যাকচারিং কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে মূলধন ব্যয়ের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

২। স্কোয়ার লি. ও ম্যান্ডারিন লি. এই দুটি কোম্পানির ১০ কোটি টাকা ঋণ প্রয়োজন যার ৪০% চলতি ব্যয় এবং ৬০% স্থায়ী ব্যয়। স্কোয়ার লি. ৬ কোটি টাকা দীর্ঘমেয়াদী ঋণ এবং ৪ কোটি টাকা ব্যবসায়িক ঋণ নিয়ে সংগ্রহ করে কিন্তু ম্যান্ডারিন লি. ১০% ঋণপত্র বিক্রি করে ১০ কোটি টাকা সংগ্রহ করে।

ক. তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে কী বলে? ১

খ. কোন অর্থায়ন অলাভজনক ব্যাখ্যা কর। ২

গ. তহবিল সংগ্রাহের ক্ষেত্রে স্কোয়ার লি. অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছে? ৩

ঘ. তহবিল সংগ্রহের ব্যয় কোন কোম্পানির মুনাফা বৃদ্ধিতে সহায়ক হবে বলে তুমি মনে কর– উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩। আবদুল সাহেব একজন গার্মেন্টস ব্যবসায়ী। ব্যবসায়ের বেশির ভাগ ক্ষেত্রে তিনি নিজস্ব মূলধন ব্যবহার করেন। কখনো মূলধনের ঘাটতি দেখা দিলে তিনি ক্রেতাদের থেকে অগ্রিম নিয়ে থাকেন। এতে তার মূলধনজনিত সমস্যা সমাধান হয় এবং উৎপাদন কাজ সচল থাকে।

ক. মধ্যমেয়াদি অর্থায়নের মেয়াদকাল কত? ১

খ. শেয়ার বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. ক্রেতার নিকট থেকে অগ্রিম গ্রহণ কোন তহবিলের অন্তর্ভুক্ত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠান সচল রাখতে বহিঃস্থ তহবিলের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। মাহিম তার বন্ধু নাহিদের কাছ থেকে ৫০ হাজার টাকার ঋণ নেয়। শর্ত অনুযায়ী ১০% হার সুদে ৫ বছর পর চক্রবৃদ্ধি হারে ঋণ পরিশোধে সম্মত হয় মাহিম।

ক. সরল সুদের ক্ষেত্রে কিসের উপর সুদ গণনা করা হয়? ১

খ. বাট্টাকরণ প্রক্রিয়া বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. ৫ বছর পর মাহিম কতটাকা পরিশোধ করবে? নির্ণয় কর। ৩

ঘ. নাহিন কতটাকা ঋণ দিলে মাহিম ৫ বছর পর ৬০ হাজার টাকা পরিশোধ করবে? ৪

৫। ছাত্রদের পাঠদানের সময় তাদের শিক্ষক রাসেন বলেন, "অনিশ্চয়তা থেকেই ঝুঁকি সৃষ্টি হয়।" "তবে সব অনিশ্চয়তা ঝুঁকি নয়। ঝুঁকি পরিহার করা যায় কিন্তু অনিশ্চয়তা পরিহার করা যায় না।"

ক. ঝুঁকি বলতে কী বোঝ? ১

খ. ব্যবসায়িক ঝুঁকি বলতে কী বোঝ? ২

গ. ঝুঁকি ও অনিশ্চয়তার মাঝে পার্থক্য দেখাও। ৩

ঘ. "অনিশ্চয়তা থেকেই ঝুঁকির সৃষ্টি হয়"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬। জামিল ব্রাদার্স একটি প্রকল্পে ১৬,০০,০০০ টাকা ব্যয়ের সিদ্ধান্ত নিয়েছে। প্রথম ৩ বছর প্রাক্কলিত আয় যথাক্রমে ৪ লক্ষ টাকা, ৭ লক্ষ টাকা ও ৯ লক্ষ টাকা। অন্যান্য চলতি খরচ প্রতি বছর আয়ের ৩৫% ও কর ৩০% অনুমান করা হয়েছে।

ক. পে-ব্যাক সময় নির্ণয়ের সূত্রটি কী? ১

খ. মূলধন বাজেটিং এর প্রয়োগ লেখ। ২

গ. জামিল ব্রাদার্স এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে জামিল ব্রাদার্স কীভাবে লাভবান হতে পারে বলে তুমি মনে কর? ৪

## খ-বিভাগ : ব্যাংকিং

৭। মানবজাতির সভ্যতার বিবর্তনের সাথে সাথে বিভিন্ন সময়ে বিভিন্ন আকার ও প্রাকৃতিক মুদ্রা ব্যবহৃত হতো। এসব মুদ্রার ১টি আদর্শ মান ছিল।

ক. ব্যাংকিং কাকে বলে? ১

খ. এল.সি. কী? ব্যাখ্যা কর। ২

গ. মুদ্রার ব্যবহার কীভাবে দ্রব্য বিনিয়োগকে সহজ ও সাবলীল করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মুদ্রার ইতিহাস খুবই বৈচিত্র্যময়" –উদ্দীপকের আলোকে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৮। ফারজানা ব্যাংকের একমাত্র কর্মকর্তা। উক্ত ব্যাংক থেকে মিথিলা নামের একজন ব্যবসায়ী ঋণ নেন। অপর দিকে রাজু নামের একজন চাকরিজীবী তার সঞ্চয়কৃত অর্থ মুনাফার আশায় উক্ত ব্যাংকে জমা রাখেন। ফারজানা ব্যাংকের কর্মকর্তা হিসাবে অনেক ব্যবসায়ী বা গ্রাহকদের পরামর্শ দিয়ে থাকেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১

খ. ব্যাংক কীভাবে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা করে? ২

গ. উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত ব্যাংকটির ৪টি উদ্দেশ্য মূল্যায়ন কর। ৪

**৯।** জনাব অজিত একজন রপ্তানিকারক। তিনি বিভিন্ন দেশে চিংড়ি ও কাঁকড়া রপ্তানি করে থাকেন। এজন্য তাকে প্রায়ই স্থানীয় ব্যাংকের শাখায় যেতে হয়।

ক. L.C থেকে বাণিজ্যিক ব্যাংক কী পায়? ১

খ. বিনিময় বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব অজিতকে উক্ত ব্যাকটি কীভাবে সহায়তা করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব অজিতের ব্যবসায়ে উক্ত ব্যাংকের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

**১০।** জনাব মারুফ একজন ব্যবসায়ী। লেনদেনের সুবিধার্থে তিনি ব্যাংক হিসাব খুলতে আগ্রহী। এজন্য সঞ্চয়ী হিসাব খুলতে গেলে ব্যাংক ম্যানেজার তাকে অন্য হিসাব খুলতে বলেন।

ক. ক্রেডিট কার্ড কী? ১

খ. ইন্টারনেট ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. জনাব মারুফ কোন ব্যাংক হিসাব খুলবেন? এর সপক্ষে যুক্তি দাও। ৩

ঘ. উক্ত ব্যাংক হিসাব খুলতে জনাব মারুফকে কী কী পদক্ষেপ নিতে হবে? ব্যাখ্যা কর। ৪

**১১।** বাংলাদেশ ব্যাংক এদেশের অর্থনীতিতে একটি সুদৃঢ় ও মজবুত ভিত্তি দানের লক্ষ্যে নিরন্তর কাজ করে যাচ্ছে। নতুন ব্যাংকিং পণ্য ও সেবা উদ্ভাবন এবং সেগুলোর বাস্তবায়নের মাধ্যমে জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নেও এটি ভূমিকা রাখছে।

ক. বাংলাদেশ ব্যাংকের প্রধান কে? ১

খ. ঋণের শেষ আশ্রয়স্থল বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশ ব্যাংক যেসব উদ্দেশ্য অর্জনের নিমিত্তে গঠিত হয়েছিল তা উপস্থাপন কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংককে সকল ব্যাংকের ব্যাংকার বলা হয় কেন? যুক্তি দাও। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি: ১০ম**

**সময় : ৩০ মিনিট** **বিষয় ঃ ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি)** **পূর্ণমান : ৩০**

১. **ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় কয়টি?**
ক. ১১টি খ. ১২টি
গ. ১৩টি ঘ. ১৪টি

২. **কোন চেক অধিক নিরাপদ?**
ক. বাহক চেক
খ. হুকুম চেক
গ. অনুমোদন প্রাপ্ত চেক
ঘ. দাগকাটা চেক

৩. **কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম উদ্দেশ্য হলো–**
i. মুদ্রাবাজার গঠন
ii. ঋণ দান
iii.মুদ্রাবাজার নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. **কারবারি প্রতিষ্ঠানের অর্থায়নের সাধারণ বৈশিষ্ট্য–**
i. অর্থসংগ্রহ
ii. অর্থ ব্যবস্থাপনা
iii.ব্যয় নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৫. **ব্যবসায়ের মৌলিক উপকরণ কী?**
ক. পুঁজি খ. বাজার
গ. ব্যাংক ঘ. পরিকল্পনা

৬. **দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হলো–**
i. ঋণ
ii. বিল বাট্টাকরণ
iii.লিজিং
**নিচের কোনটি সঠিক?**
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৭. **পরোক্ষভাবে মুদ্রার প্রচলন করে কোন ব্যাংক?**
ক. বিশেষায়িত ব্যাংক খ. কেন্দ্রীয় ব্যাংক
গ. বাণিজ্যিক ব্যাংক ঘ. বিনিময় ব্যাংক

৮. **প্রকৃত সুদের হার কী দ্বারা প্রকাশ করা হয়?**
ক. r খ. i
গ. n ঘ. EAR

৯. **আদর্শ বিচ্যুতি কেন প্রয়োজন?**
ক. ঝুঁকি নির্ণয়ে খ. আয় নির্ণয়ে
গ. অস্থিরতা নির্ণয়ে ঘ. লাভ নির্ণয়ে

১০. **মূলধন বাজেটিং একটি–**
ক. সম্পদ খ. প্রজেক্ট
গ. দায় ঘ. মূল্যায়ন প্রক্রিয়া

**নিম্নোক্ত তথ্য অবলম্বনে ১১ ও ১২ প্রশ্নের উত্তর দাও :**

জনাব করিম একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি মাসিক ১০% সুদে ২০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখেন।

১১. **অনুচ্ছেদ অনুযায়ী m এর মান কত হবে?**
ক. ৬ খ. ১২
গ. ১৮ ঘ. ২৪

১২. **জনাব করিম ২ বছর পর ব্যাংক থেকে কত টাকা পাবেন?**
ক. ২৩৫০ খ. ২৪৪০
গ. ২৪৪৫ ঘ. ২৫০০

১৩. **ডিবেঞ্চার বিনিয়োগকারীরা কোন ঝুঁকি মোকাবিলা করে?**
ক. ব্যবসায়িক ঝুঁকি খ. আর্থিক ঝুঁকি
গ. সুদের হারের ঝুঁকি ঘ .তারল্য ঝুঁকি

১৪. **তহবিলের বিভিন্ন উৎসের মূলধন ব্যয় কীরূপ?**
ক. সমান খ. অসমান
গ. শূন্য ঘ. অসীম

১৫. **বাংলাদেশে কয়টি স্টক একচেঞ্জ রয়েছে?**
ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৫টি

১৬. **ডিবেঞ্চার হোল্ডারগণ কোম্পানি থেকে কী গ্রহণ করে?**
ক. লভ্যাংশ খ. সুদ
গ. ঋণ ঘ. মুনাফা

**১৭. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থায় কী বলা হয়?**
ক. ধারক খ. জননী
গ. বাবা ঘ. মালিক

**১৮. নগদ অর্থ বেশি রাখলে ব্যবসায়ীদের–**
ক. সুদ কমে যায় খ. ক্ষতি কমে যায়
গ. মুনাফা কমে যায় ঘ. মুনাফা বেড়ে যায়

**১৯. অর্থায়নের মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎস কোনটি?**
ক. ক্ষুদ্র ঋণ খ. ঋণপত্র
গ. অবণ্টিত মুনাফা ঘ. লিজিং

**২০. ঝুঁকিপূর্ণ কিন্তু আয়ের সম্ভাবনা বেশি কোন বিনিয়োগ?**
ক. সাধারণ শেয়ার খ. অগ্রাধিকার শেয়ার
গ. বন্ড ঘ. ডিবেঞ্চার

**২১. ATM বলতে কী বোঝায়?**
ক. Automatic Teller Machine
খ. Automated Teller Machine
গ. Automatical Teller Machine
ঘ. Automated Technical Machine

**২২. বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রার ভূমিকা রাখে–**
i. খরচে
ii. স্থানান্তরে
iii. হস্তান্তরে
**নিচের কোনটি সঠিক?**
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

**২৩. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী?**
ক. প্রচুর অর্থ
খ. অধিক বিনিয়োগ
গ. ব্যাংক ও গ্রাহকের অবস্থা
ঘ. দক্ষতা

**২৪. ঋণদানের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংক?**
ক. কেন্দ্রীয় ব্যাংক খ. বাণিজ্যিক ব্যাংক
গ. শিল্প ব্যাংক ঘ. একক ব্যাংক

**নিম্নোক্ত তথ্য অবলম্বনে ২৫ ও ২৬ প্রশ্নের উত্তর দাও :**

সানজিনের প্রাইমেট ব্যাংকে একটি হিসাব আছে। তিনি তার সম্পত্তির দলিলপত্র, স্বর্ণালংকার ইত্যাদি ব্যাংকে সংরক্ষণ করেন।

**২৫. প্রাইমেট ব্যাংকের সাথে সানজিনের কী ধরনের সম্পর্ক বিদ্যমান?**
ক. আইনগত খ. মুনাফাগত
গ. লেনদেনের ঘ. অংশীদারিত্বের

**২৬. উদ্দীপকের প্রাইমেট ব্যাংক সানজিনের কী হিসেবে কাজ করে?**
ক. পাওনাদার খ. প্রতিনিধি
গ. ট্রাস্ট ঘ. অছি

**২৭. চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী?**
ক. সুনাম বৃদ্ধি
খ. ব্যয় হ্রাস
গ. গোপনীয়তা রক্ষা
ঘ. পারস্পরিক উন্নতি সাধন

**২৮. LC খুলতে কোন ব্যাংকের অনুমতি নিতে হয়?**
ক. বাণিজ্যিক ব্যাংক খ. শিল্প ব্যাংক
গ. কেন্দ্রীয় ব্যাংক ঘ. মার্চেন্ট ব্যাংক

**২৯. কোনটি ছাড়া মুদ্রার ব্যবহার অচল?**
ক. শেয়ার বাজার খ. ব্যাংক
গ. লেনদেন ঘ. বিমাকোম্পানি

**৩০.বিনিময় ব্যাংকের কাজ হলো–**
i. বৈদেশিক লেনদেন নিষ্পত্তি
ii. রপ্তানি
iii.বৈদেশিক মুদ্রা বিনিময়
**নিচের কোনটি সঠিক?**
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি: ১০ম**

**সময় : ২ ঘন্টা ৩০ মিনিট** **বিষয় ঃ বিজ্ঞান (সৃজনশীল)** **পূর্ণমান : ৭০**

*[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও]*

১. করিম একটি ফুলানো বেলুনকে একটি স্থান থেকে ছেড়ে দিল। তাতে বেলুনের ভেতর হতে প্রতি সেকেন্ডে $5 gm$ করে বাতাস বের হয়ে যেতে থাকে এবং বেলুনটি $1m^{-2}$ ত্বরণে উঠতে লাগল।

ক) নিউটন কী ? ১

খ) জড়তা বলতে কী বোঝায় ? ২

গ) বেলুনের উপর ক্রিয়ারত উর্ধ্বমুখী বল নির্ণয় কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি নিউটনের কোন সূত্রকে অনুসরণ করে ? বিশ্লেষণ কর। ৪

২. $Mg(OH)_2 HCl$ $NH_4NO_3, CuSO_4, NaCl$

চার্ট- $A$ চার্ট- $B$

ক) দুর্বল এসিড কী ? ১

খ) মাটির $pH$ জানা জরুরী কেন ? ২

গ) পরিপার্কে চার্ট $A$ এর পদার্থগুলোর কার্যকারিতা ব্যাখ্যা কর। ৩

ঘ) দৈনন্দিন জীবনে চার্ট- $B$ এর পদার্থগুলোর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৩. একটি বিশেষ প্রক্রিয়ায় মনোমার থেকে পলিমার তৈরি হয়। এতে কিছু শর্তাবলি যেমন– চাপ, তাপ ও অনুঘটকের প্রয়োজন হয়। নিম্নে দুটি পলিমারকরণ বিক্রিয়া দেখানো হলো:

$$\text{(i) } n(CH_2 = CH_2) \xrightarrow[O_2 \text{ প্রভাবক}]{\text{উচ্চ চাপ ও তাপ}} \; ? \quad \text{পলিমার–A}$$

ইথিলিন

ক) পলিমার কী ? ১

খ) কৃত্রিম তন্তু ও প্রাকৃতিক তন্তুর মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ) উদ্দীপকে নির্দেশিত A এর প্রস্তুতি শর্তসহ ব্যাখ্যা কর। ৩

ঘ) পলিমার A তৈরির প্রক্রিয়া অনুসরণ করে পলিমার B তৈরির প্রক্রিয়াটির সম্পন্ন করা সম্ভব কিনা বিশ্লেষণ কর। ৪

৪. নাটোরের গৃহিনী জোবাইদা বেগম এমন আগের মতো কাজকর্ম করতে পারছে না। সামান্য পরিশ্রমে সে ক্লান্তি ও দুর্বলতা অনুভব করছে, রাতে এখন বেশ কয়েকবার প্রস্রাব হয়। সেইদিন ছাদের সিঁড়ি বেড়ে উঠতে দিয়ে পা পিছলে পড়ে পায়ে ক্ষত সৃষ্টি হলে তা সহজে শুকাচ্ছে না। একদিন হঠাৎ মাথা ঘোরে পড়ে গেলে এক আত্মীয় তাকে ডাক্তারের কাছে নিলে ডাক্তার পরীক্ষা-নিরীক্ষা করে এক ধরনের দীর্ঘস্থায়ী রোগের কথা এবং খাবার নিয়ন্ত্রণ বেশ কিছু উপদেশ দিল।

ক) ধমনি কাকে বলে? ১

খ) Rh ফ্যাক্টর বলতে কী বোঝ ? ২

গ) জোবাইদা বেগমের রোগটি আরো অনেক জটিল রোগের কারণ হতে পারে– তা বর্ণনা কর। ৩

ঘ) ডাক্তার জোবাইদা বেগমকে উক্ত রোগ নিয়ন্ত্রণের জন্য কী কী উপদেশ দিতে পারে বলে মনে কর, তা যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

৫. ফিরোজ মিয়ার ওজন ৮০ কেজি এবং উচ্চতা ১.৮১ মিটার। তিনি প্রায়ই শারীরিক সমস্যায় ভুগছেন। ডাক্তার তাকে ব্যায়াম করতে ও সুষম খাবার খেতে পরামর্শ দিলেন।

ক) ভিটামিন কাকে বলে ? ১

খ) রাফেজের গুরুত্ব লিখ। ২

গ) ফিরোজ মিয়ার BMI নির্ণয় কর। ৩

ঘ) ডাক্তার সাহেবের পরামর্শ সঠিক কি-না? বিশ্লেষণ কর। ৪

৬.

| | | |
|---|---|---|
| **অজৈব পদার্থ** | ------------------------ | **৪৫%** |
| **জৈব পদার্থ** | ------------------------ | **৫%** |
| **A** | ------------------------ | **২৫%** |
| **B** | ------------------------ | **২৫ %** |

ক) মাটি কাকে বলে ? ১

খ) রেডনকে ক্ষতিকর পদার্থ বলা হয় কেন ? ২

গ) উদ্দীপকের A অংশটি জীবনের জন্য অপরিহার্য– ব্যাখ্যা কর। ৩

ঘ) B অংশটি বায়ুমন্ডলে ও মাটিতে বিনিময়ের কারণ ব্যাখ্যা কর। ৪

৭. বিজ্ঞান শিক্ষক শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বললেন:

১ম ঘটনা - একটি প্রজাতি থেকে অপর একটি নতুন প্রজাতি সৃষ্টি হয়।

২য় ঘটনা- প্রতিটি জীবই অস্তিত্বের জন্য সংগ্রাম করে যাচ্ছে।

ক) আইজোম কী ? ১

খ) প্লাটিনাম জীবন্ত জীবাশ্ম– ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে ১ম ঘটনার অংশটি বৈজ্ঞানিক মতবাদ ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত ২য় ঘটনার বিষয়টির ডারউইনের তিনটি পর্যায় বিশ্লেষণ কর। ৪

৮. মিহির সাহেব নির্দিষ্ট ধাপ অনুসরণ করে রিকম্বিনেন্ট DNA তৈরি করেন। এটি জীব প্রযুক্তি নামে পরিচিত।

ক) ক্লোনিং কী ? ১

খ) DNA টেস্ট বলতে কী বোঝায় ? ২

গ) মিহির সাহেবের অনুসৃত ধাপগুলো বর্ণনা কর। ৩

ঘ) ঔষধশিল্পে উদ্দীপকের উল্লিখিত প্রযুক্তির পৃথক মুল্যায়ন কর। ৪

৯. আরিফদের ড্রইংরুমে ২০ ওয়াটির ৩টি এনার্জি বাল্ব লাগানো আছে এবং অন্য রুমগুলিতে ১০০ ওয়াটের ৬টি বাল্ব লাগানো আছে। বাল্বগুলো গড়ে প্রতিদিন ৬ ঘণ্টা করে জ্বলে।

ক) তড়িৎ ক্ষমতা কাকে বলে ? ১

খ) এর অর্থ কী ? ২

গ) প্রতি ইউনিট বিদ্যুতের মূল্য ৬ টাকা হলে তাদের মাসিক বিদ্যুৎ বিল কত হবে? ৩

ঘ) আরিফের ব্যবহৃত বাল্বগুলোর মধ্যে কোনটির ব্যবহার সুবিধাজনক বিশ্লেষণ কর। ৪

১০.




ক) বৈশ্বিক উষ্ণতা কী ? ১

খ) এসিড বৃষ্টি কেন হয় ? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের B দুর্যোগ সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের A দুর্যোগ থেকে রক্ষা পাওয়ার উপায় বিশ্লেষণ কর। ৪

১১.



ক) লেন্স কী ? ১

খ) চশমার ক্ষমতা 2D বলতে কী বোঝ ? ২

গ) উদ্দীপকের লেন্সটির গঠন ও কাজ চিত্রসহ ব্যাখ্যা কর। ৩

ঘ) কোন ধরনের দৃষ্টিক্রুটিতে এই লেন্স ব্যবহার করা হয় ? উক্ত ত্রুটির কারণ চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি: ১০ম**

**সময় : ৩০ মিনিট** **বিষয় ঃ বিজ্ঞান (বহুনির্বাচনি)** **পূর্ণমান : ৩০**

১. রক্তরসে পানিরশতকরাপরিমাণ কত?

ক. ৯০% খ. ৭০% গ. ৫০% ঘ. ১০%

২. অনুচক্রিকারসংখ্যা স্বাভাবিকের তুলনায় কমে গেলে সেই রোগকে কী বলে?

ক. পারপুরা খ. লিউকেমিয়া

খ. থ্যালাসেমিয়া ঘ. অ্যানিমিয়া

৩. লোহিত কণিকার কাজ হলো-

(i) $O_2$ পরিবহন করা (ii) $CO_2$পরিবহন করা

(iii) অম্ল- ক্ষারের সমতা করা

নিচের কোনটিসঠিক?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii

৪. হৃপিন্ডের পেরিকার্ডিয়ামপর্দা কয় স্তরবিশিষ্ট?

ক. একস্তর খ. দ্বি-স্তর

গ. ত্রি-স্তর ঘ .চার স্তর

৫. একটি বস্তুর ভর ১০ কেজি। এব উপরএকটিবল প্রযুক্ত হওয়ার পর এর ত্বরণ২ স/ং২হলে প্রযুক্ত বলেরমান কত?

ক. ৫নিউটন খ. ১২নিউটন

গ. ২০নিউটন ঘ. ২৫নিউটন

৬. জড়তার পরিমাপ কী?

ক. ওজন খ. স্থিতি গ. বল ঘ. ভর

৭. শ্বেত কণিকায় বেসফিলের পরিমাণ কত ?

ক. ০ – ১% খ. ১ – ৬%

গ. ২- ১০% ঘ. ৫- ১.৫%

৮. শ্বেতকণিকায় মোনোসাইটেরপরিমাণ কত?

ক. ৪০-৭৫% খ. ২-১০%

গ. ২০-৪৫% ঘ. ১-৬%

৯. LDL এর পূর্ণরূপ কী?

ক. Low Density Lectogen

খ. Low Density Lipoprotein

গ. Low Density Layer

ঘ. Low Density Lectoge

১০. দুর্বল নিউক্লিয় বল তাড়িত চৌম্বক বলের চেয়ে কত গুণ দুর্বল?

ক. $১০^{৬}$ খ. $১০^{৮}$ গ. $১০^{১০}$ ঘ. $১০^{১২}$

১১. আলট্রাসনোগ্রাফিকরা হয় -

(i)মস্তিষ্ক (ii) যকৃৎ (iii) স্থানচ্যুত হাড়ে

নিচের কোনটিসঠিক?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii

১২. লেন্সের ক্ষমতার এসআই একক কী ?

ক. ডিগ্রি/মিটার খ. গ্রেডিয়েন্ট/মিটার

গ. ডায়অপ্টার/মিটার ঘ. রেডিয়ান/মিটার

১৩. প্রোটিনের মৌলিক উপাদান কোনটি?

ক. সালফার খ. সোডিয়াম

গ. পটাসিয়াম ঘ. নাইট্রোজেন

নিচের তথ্যেরআলোকে১৪ ও ১৫ নং প্রশ্নেরউত্তর দাওঃ

মিশু 15g ও 25g ভরের দুটি মার্বেল নিয়ে খেলছিল।

১৪. প্রথম মার্বেলের উপর ৪৫ নিউটন বল প্রয়োগ করলে ত্বরণ কত হবে?

ক. $0.33m/s^2$ খ.$3m/s^2$ গ.$60\ m/s^2$ ঘ. $3000m/s^2$

১৫. একই পরিমাণ বল প্রয়োগ করলে মার্বেল কোনটির উপর দিয়ে বেশি দূরত্ব অতিক্রম করবে?

ক. মসৃণ মাটির মাঝে খ. টাইলসের মাঝে

গ. পিচ রাস্তা ঘ. ইটের রাস্তা

১৬. বর্তমানে বহল ব্যবহৃত ডাক মাধ্যম কোনটি?

ক. ফ্যাক্স খ. ই-মেইল

গ. টেলিগ্রাফ ঘ. মোবাইল

১৭. লেন্সকয়টি গোলকীয়পৃষ্ঠদ্বারা তৈরি?

ক. ৪ টি খ. ৩ টি গ. ২ টি গ. ১ টি

১৮. দীর্ঘদৃষ্টির চোখে কোথায় প্রতিবিম্ব গঠিত হয়?

ক. রেটিনার পেছনে খ. রেটিনারসামনে

গ. কর্নিয়ায় ঘ. কৃষ্ণমন্ডলে

১৯. স্বাভাবিক চোখের দূরবিন্দু কোথায় থাকে?

ক. ০.২৫ সেমি দূরে খ. ২.৫ সেমি দূরে

গ. ০.০৫ সেমি দূরে ঘ. অসীম দূরত্বে

২০. একটি লেন্সেরক্ষমতা +2D, এর ফোকাস দূরত্ব -

(i) 2m (ii) 0.5m (iii) 50cm

নিচের কোনটিসঠিক?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i,ii ও iii

২১. লেন্সের **ক্ষমতার** এস আই একক কী?

ক. রেডিয়ান/মিটার খ. রেডিয়ান

গ. রেডিয়ান/সেমি ঘ. মিটার

২২. কোনপরীক্ষায় রক্তনালিতে 'ডাই' প্রবেশকরানো হয়?

ক. এমআরআই খ. কেমোথেরাপি

গ. এনজিওগ্রাফি ঘ. সনোগ্রাফি

২৩.চৌম্বক ক্ষেত্রে ব্যবহৃত হয় কোনটিতে?

ক. সিটিস্ক্যান খ. এমআরআই

গ. এনজিওগ্রাম ঘ. আলট্রাসনোগ্রাফি

২৪. বেতার তরঙ্গকে কী তরঙ্গ হিসাবে শূন্যে প্রেরণকরা হয়?

ক. অডিও তরঙ্গ খ. ভিডিও তরঙ্গ

গ. তড়িৎ চৌম্বক তরঙ্গ ঘ. শব্দ তরঙ্গ

২৫. যোযোগের মৌলিক নীতিমালা কয়টি?

ক. ১ টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি

২৬. রঙিন টিভির পর্দা কী দ্বারা প্রলেপ দেয়া হয়?

ক. ফসফর দানা খ. লেড

গ. অ্যান্টিমনি ঘ. বিসমাথ

২৭. তড়িৎ প্রলেপনে যে বস্তুটির ওপর প্রলেপ দিতে হয় তাকে কী হিসাবে ব্যবহার করা হয়?

ক. দ্রব খ. দ্রাবক গ. অ্যানোড ঘ. ক্যাথোড

২৮. কপার সালফেটের জলীয় দ্রবণে বিদ্যুৎ চালনা করলে ক্যাথোডে কী জমা হয়?

ক. সালফার খ. অক্সিজেন গ. তামা ঘ. হাইড্রোজেন

২৯. এনার্জি সেভিংবাল্বে কোন গ্যাস থাকে?
ক. সোডিয়াম খ. নিয়ন গ. হিলিয়াম ঘ. আর্গন

৩০. ১ কিলোওয়াট-মিনিট = কত জুল?
ক. 600J খ. 6000J গ. 60000J ঘ. 3600000J